# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 19-03-25** **Time: 7-50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) স্বাস্থ্য ক্ষেত্রে পশ্চিমবঙ্গ দেশের মধ্যে শীর্ষস্থানে রয়েছে বলে স্বাস্থ্য মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ বিধানসভায় জানিয়েছেন।

ওবিসি সংক্রান্ত মামলা মিটে গেলে রাজ্যে দু তিন লক্ষ কর্ম সংস্থান হবে বলে আশা প্রকাশ করেছেন তিনি।

২) বিজেপি, বিধানসভার অধ্যক্ষের বিরুদ্ধে সংবিধান অবমাননার অভিযোগ তুলেছে।

৩) পশ্চিমবঙ্গে তৃণমূল কংগ্রেস সরকার বিরোধী দলের নেতা কর্মীদের ওপর লাগাতার অত্যাচার চালাচ্ছে বলে প্রবীণ বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ মন্তব্য করেছেন।

৪) কেন্দ্রীয় সরকার, অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগীদের জন্য এমএসএমই চ্যাম্পিয়ান্স নামে একটি নতুন প্রকল্প চালু করেছে।

৫) রাজ্যে বাড়লো এক শৃঙ্গ গন্ডারের সংখ্যা।

৬) রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী ২২ তারিখ পর্যন্ত ঝড়বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

---

স্বাস্থ্য ক্ষেত্রে পশ্চিমবঙ্গ বর্তমানে দেশের মধ্যে শীর্ষস্থানে রয়েছে বলে স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দাবী জানিয়েছেন। বিধানসভায় আজ স্বাস্থ্য বাজেটের উপর আলোচনা শেষে মুখ্যমন্ত্রী তথ্য পরিসংখ্যান সহ স্বাস্থ্যক্ষেত্রে রাজ্যের অগ্রগতির ছবি তুলে ধরেন। তিনি বলেন, হাসপাতাল, মেডিকেল কলেজ সহ স্বাস্থ্য পরিকাঠামো, শিশু- প্রসূতি মৃত্যুর হার, সার্বিক টিকাকরণ সহ বিভিন্ন মাপকাঠিতে রাজ্যের এই অগ্রগতি বিদেশেও স্বীকৃতি পেয়েছে। কেন্দ্রীয় সরকার রাজ্যকে বিভিন্ন প্রকল্পে বঞ্চিত করলেও জনস্বাস্থ্য খাতে রাজ্য ৭০ হাজার কোটি টাকা খরচ করেছে। স্বাস্থ্য সাথী প্রকল্পের আওতায় ৯ কোটি মানুষকে পরিষেবা দেওয়া হয়েছে। এরমধ্যে এক কোটি মানুষ বেসরকারি হাসপাতালে চিকিৎসার সুযোগ পেয়েছেন। এই প্রসঙ্গে কেন্দ্রীয় সরকারের আয়ুষ্মান ভারত প্রকল্পের তীব্র সমালোচনা করেন মুখ্যমন্ত্রী। তিনি দাবি করেন, আয়ুষ্মান প্রকল্পে দেড় কোটি আবেদন মেটানো হয়নি। পাশাপাশি ওই প্রকল্পে নানা শর্ত আছে।

এর আগে জবাবি ভাষণে স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানান, বর্তমান সরকারের আমলে স্বাস্থ্য ক্ষেত্রে আমূল পরিবর্তন হয়েছে। প্রশাসনিক জেলার সংখ্যা বাড়ানোর পাশাপাশি রাজ্য সরকার পাঁচটি স্বাস্থ্য জেলা তৈরি করেছে। স্বাস্থ্য দপ্তরের বাজেট ২০১১-১২ আর্থিক বছরের ৩ হাজার ৫৮৪ কোটি টাকার তুলনায় ছয় গুনেরও বেশি বেড়ে ২১ হাজার ৩৫৪ কোটি টাকা হয়েছে। আলোচনার শেষে স্বাস্থ্য দপ্তরের বাজেট প্রস্তাব বিধানসভায় গৃহীত হয়।

---------------------

ওবিসি সংরক্ষণ সংক্রান্ত আইনি জটিলতা মিটে গেলে রাজ্যে ২-৩ লক্ষ পর্যন্ত কর্মসংস্থান হবে বলে মুখ্যমন্ত্রীর মমতা ব্যানার্জি জানিয়েছেন। তিনি বলেন, অন্যান্য অনগ্রসর শ্রেণি (ওবিসি)-র সংরক্ষণের বিষয়ে নতুন করে সমীক্ষা করছে রাজ্য সরকার।

সুপ্রিম কোর্টের অনুমতিক্রমে সমীক্ষার কাজও চলবে। বিধানসভায় আজ স্বাস্থ্য দফতরের বাজেট আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী, গতকাল সুপ্রিম কোর্ট-এর ওবিসি সংরক্ষণ সংক্রান্ত মামলা সম্পর্কে করা পর্যবেক্ষণকে স্বাগত জানান। তিনি বলেন এই সমস্যা পাকাপাকি মিটে গেলে শিক্ষা, স্বাস্থ্য, পুলিশ মিলিয়ে প্রায় ২-৩ লক্ষ নিয়োগ হবে। কর্মসংস্থানে বাধা সৃষ্টির অভিযোগ তুলে বিরোধীদের তীব্র সমালোচনা করে মুখ্যমন্ত্রী বলেন, নিয়োগ সংক্রান্ত বিষয়ে বারবার বিরোধীরা আদালতের দ্বারস্থ হয়ে সেটাকে আটকানোর চেষ্টা করছে।

------------------------

মহাকাশে দীর্ঘ ৯ মাস সময় অতিবাহিত করা ভারতীয় বংশোদ্ভূত মার্কিন মহাকাশচারী সুনীতা উইলিয়ামসকে "ভারতরত্ন" দেওয়া উচিৎ বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন। বিধানসভায় আজ মুখ্যমন্ত্রী, মহাকাশচারীদের সুস্থ শরীরে পৃথিবীতে ফিরিয়ে আনার জন্য সংশ্লিষ্ট উদ্ধারকারী দলকে অভিনন্দন জানিয়েছেন। প্রতিটি ঘটনা প্রবাহের দিকে তিনি নিজেও সব সময় নজর রেখেছিলেন বলে মুখ্যমন্ত্রী বিধানসভায় জানান। মহাকাশ বিজ্ঞানে নিজের আগ্রহের কথাও উল্লেখ করেন তিনি।

------------------------

বিধানসভার অধ্যক্ষের বিরুদ্ধে সংবিধান অবমাননার অভিযোগ তুলেছে বিজেপির পরিষদীয় দল। আজ বিধানসভার বাইরে সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, সংবিধানের দশম তফশীলে দলত্যাগ বিরোধী আইনের কথা বলা হলেও অধ্যক্ষ তা লঙ্ঘন করছেন। ২০১১ সাল থেকে এপর্যন্ত মিথ্যা মামলা এবং পদের লোভ দেখিয়ে ৫৫ জনকে দলবদল করানো হয়েছে। অভিযোগ জানানো সত্ত্বেও অধ্যক্ষ

আইন মোতাবেক কোনো ব্যবস্থা নেননি। এমনকি ভগবানগোলা এবং বরাহনগরের বিধায়কদের রাজভবনে শপথের জন্য না নিয়ে গিয়ে অধ্যক্ষ নিজে শপথবাক্য পাঠ করিয়েছেন। বিষয়টি নিয়ে দল বিধানসভার সচিবের কাছে ইতোমধ্যেই ডেপুটেশন জমা দিয়েছে বলে শুভেন্দু বাবু জানিয়েছেন। এদিন বিধানসভা চত্বরে মিছিলও করে বিরোধী বিধায়করা।

-----------------------

বিজেপি পরিষদীয় দল চাকরী দুর্নীতি ও শূন্য পদে অবিলম্বে নিয়োগ সহ একাধিক বিষয়ে শ্বেত পত্র প্রকাশের দাবি জানিয়েছে। আজ বিধানসভার বাইরে এক সাংবাদিক বৈঠকে বিজেপির মুখ্য সচেতক শঙ্কর ঘোষ বলেন, বিগত কয়েক বছরে স্থায়ী কর্মী নিয়োগে রাজ্য সরকার উৎসাহ দেখাচ্ছে না। ফলে বিভিন্ন দপ্তরে প্রচুর শূন্যপদ তৈরি হয়েছে। অস্থায়ী এবং অবসরপ্রাপ্ত কর্মীদের চুক্তি ভিত্তিতে নিয়োগের ফলে সামগ্রিক কর্ম সংস্কৃতি বিঘ্নিত হচ্ছে বলেও তাঁর অভিযোগ। এই বিষয়ে বিধানসভার অধিবেশনে প্রস্তাব আনা হলেও অধ্যক্ষ সেটিকে কাটছাঁট করে পড়ার অনুমতি দিয়েছে বলেও বিজেপি অভিযোগ করেছে।

-----------------------

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরে বিরোধী দলনেতার পদযাত্রাকে কেন্দ্র করে আজ তীব্র উত্তেজনা ছড়ায়। দুপুরে বিধানসভা ভবন থেকে দলীয় বিধায়কদের নিয়ে বারুইপুর পৌঁছন শুভেন্দু অধিকারী। সেখানে রাস মাঠ থেকে পুলিশ সুপারের অফিস পর্যন্ত পদযাত্রার কর্মসূচী ছিল বিজেপির। কিন্তু বিজেপি কর্মীরা সেখানে পৌঁছনোর আগে থেকে রাস্তার দু পাশে জমায়েত করেন তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকরা। চোর স্লোগান দেওয়ার

পাশাপাশি দেখানো হয় কালো পতাকা। চরম বিশৃঙ্খলার মধ্যে বিজেপির কর্মসূচী সংক্ষিপ্ত করা হয়। এসপি অফিসের বদলে বিজেপির জেলা কার্যালয়ে শেষ হয় পদযাত্রা। শুভেন্দুবাবু বলেন, বিজেপির সভা বানচাল করতেই শাসকদল পরিকল্পিতভাবে বিশৃঙ্খলার সৃষ্টি করেছে। তিনি রাজ্যে রাষ্ট্রপতি শাসনের দাবি তোলেন।

বাইট

নেতাকর্মীদের সঙ্গে বৈঠকের পর সন্ধ্যা ৬ টা নাগাদ সেখান থেকে বিরোধী দলনেতা বেরলে তাকে লক্ষ্য করে ফের স্লোগান দেওয়া হয়।

-----------------------

পশ্চিমবঙ্গে তৃণমূল কংগ্রেস সরকার, বিরোধী দলের নেতা কর্মীদের ওপর লাগাতার অত্যাচার চালাচ্ছে বলে বরিষ্ঠ বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ অভিযোগ করেছেন। আজ রাজ্যসভায় তাঁর বক্তব্যে শ্রী শাহ বলেন, তৃণমূল সরকার হাইকোর্ট, সুপ্রিম কোর্টের নির্দেশকেও তোয়াক্কা করছে না।

বাইট

এদিন রাজ্যসভায় কেন্দ্রীয় এজেন্সিগুলির বিরুদ্ধে পশ্চিমবঙ্গে অতি সক্রিয়তার অভিযোগ তোলেন তৃণমূলের রাজ্যসভার সাংসদ সাকেত গোখলে। তাঁর জবাবেই স্বরাষ্ট্র মন্ত্রী একথা বলেন।

-----------------------

কেন্দ্রীয় সরকার অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পদ্যোগীদের জন্য এমএসএমই চ্যাম্পিয়ন্স নামে একটি প্রকল্প চালু করেছে। কলকাতায় আজ এবিষয়ে দুদিনের জাতীয়

স্তরের এক সম্মেলনের উদ্বোধন করে অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগ মন্ত্রকের অধীন MSME ডেভলপমেন্ট অ্যান্ড ফেসিলিটেশন অফিসের যুগ্ম অধিকর্তা প্রদীপ কুমার দাস বলেন, এই প্রকল্পে তৃণমূল স্তরের ক্ষুদ্র উদ্যোগীদের বিশ্বমানে উন্নীত করতে কেন্দ্রীয় সরকার সব ধরনের সহায়তা করবে। তিনি বলেন, দেশে প্রায় ৬ দশমিক ২ কোটি নথিভূক্ত এমএসএমই ইউনিট আছে, কাজ করছেন প্রায় ২৬ কোটি যুবক যুবতী কর্মরত। এর মধ্যে এরাজ্যেই প্রায় ১ কোটি এমএসএমই ইউনিটে কর্মরত ১কোটি ৩০ লক্ষ। এমএসএমই-গুলির মেধা সত্ত্ব বা ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইটস নিয়ে সচেতন করতে দুদিনের এই সম্মেলনের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে রাজ্যের এমএসএমই দপ্তরের প্রাক্তন সচিব এবং বর্তমান বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের সচিব বিজয় ভারতী সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা বক্তব্য রাখেন।

------------------------

সঞ্চিতা কুমার ও মৃগাংক মাহাতো রাজ্যের তথ্য কমিশনের নতুন সদস্য হলেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নেতৃত্বে আজ সংশ্লিষ্ট কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ওই কমিটির অন্যতম সদস্য বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজকের বৈঠকে যোগ দেননি। কমিটির কাছে আসা ৯ টি নামের তালিকা থেকে দুজনকে বেছে নেওয়া হয়েছে বলে এদিন মুখ্যমন্ত্রী জানিয়েছেন ।

------------------------

তরুণী আইনজীবীকে মারধর এবং পুলিশি নিষ্ক্রিয়তার প্রতিবাদে বর্ধমান বার অ্যাসোসিয়েশন আজ বর্ধমান আদালতে পেন ডাউন কর্মসূচী পালন করেন। এদিন কোনো আইনজীবী বিচার প্রক্রিয়ায় অংশ নেননি।

এদিকে ঐ আইনজীবী ও তার পরিবারের লোকের অভিযোগের ভিত্তিতে পুলিশ রোহিত দাস নামে একজনকে গ্রেপ্তার করেছে। এদিন তাকে বর্ধমান আদালতে তোলা হলে তিনদিনের পুলিশ হেফাজত হয়েছে।

------------------------

পশ্চিমবঙ্গে এক শৃঙ্গ গন্ডারের সংখ্যা বৃদ্ধি পেয়ে হয়েছে ৩৯২। চলতি মাসের ৫ ও ৬ তারিখে উত্তরবঙ্গের জলদাপাড়া ও গরুমারা জাতীয় উদ্যান, চাপরামারী অভয়ারণ্য এবং জলদাপারা সংরক্ষিত অরণ্যে বন দপ্তর এক শৃঙ্গ গন্ডার সুমারি চালায়। গরুমারা জাতীয় উদ্যানে ৬১টি গন্ডারের উপস্থিতি ধরা পড়ে এবং জলদাপাড়া জাতীয় উদ্যানে মেলে ৩৩১ টি। এর আগে, ২০২২ সালে এক শৃঙ্গ গন্ডারের সংখ্যা ছিল ৩৪৭ টি। এই সংখ্যাবৃদ্ধি ইতিবাচক বলে জানিয়েছেন রাজ্যের চিফ ওয়াইল্ড লাইফ ওয়ার্ডেন দেবল রায়।

------------------------

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি এবং ঝড়বৃষ্টির অনুকূল পরিস্থিতি তৈরী হওয়ায় রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী ২২ তারিখ শনিবার পর্যন্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন,

বাইট

------------------------

ইস্টবেঙ্গল পি সেন ট্রফি ক্রিকেটে চ্যাম্পিয়ন হয়েছে। সল্ট লেকের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাঠে আজ ফাইনালে ইস্টবেঙ্গল ১৭৭ রানে মহামেডান স্পোর্টিং কে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করে ইস্টবেঙ্গল নির্ধারিত ৫০ ওভারে পাঁচ উইকেটে ৩৩৯

রান করে। সন্দীপন দাস ১০১, আমিতোজ সিং ৬৫ রান করেন। জবাবে মহামেডান স্পোর্টিং এর ইনিংস ১৬২ রানে শেষ হয়ে যায়। ইস্টবেঙ্গলের অয়ন ভট্টাচার্য চারটি উইকেট নিয়েছেন। সন্দীপন ম্যাচের সেরা হয়েছেন।

------------------------

ভারতীয় ফুটবল দলের প্রাক্তন অধিনায়ক পদ্মশ্রী আই এম বিজয়নকে ইস্টবেঙ্গল ক্লাবের পক্ষ থেকে দীপক জ্যোতি সন্মান প্রদান করা হবে। ফুটবল প্রশিক্ষক রঘু নন্দী এবং ক্রিকেট কোচ প্রণব নন্দী কেও দেওয়া হবে এই সন্মান । আগামী শনিবার ইস্টবেঙ্গলের প্রাক্তন সচিব দীপক দাসের প্রয়াণ দিবসের অনুষ্ঠানে পুরস্কার তুলে দেওয়া হবে। পদ্মশ্রী ,নৃত্যশিল্পী মমতা শঙ্কর ছাড়া চিকিৎসক, আইনজীবী, সমাজসেবী, শিল্পপতিকে বিশেষ অবদানের জন্য দের অনুষ্ঠানে পুরষ্কৃত করা হবে।

------------------------

মোহনবাগানের মাঠকর্মীদের জন্য নবনির্মিত বাসস্থানের আজ আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। প্রয়াত ভাসিয়া মালির নামাঙ্কিত এই ভবনের উদ্বোধন করেন রাজ্যের শ্রম ও আইনমন্ত্রী মলয় ঘটক। উপস্থিত ছিলেন প্রাক্তন ফুটবলার প্রদীপ চৌধুরী, মানস ভট্টাচার্য ও সত্যজিৎ চট্টোপাধ্যায়। এই অনুষ্ঠানে মাঠকর্মীদের সংবর্ধিতও করা হয়। মোহনবাগান ক্লাবের সচিব দেবাশিস দত্ত জানান, মোহনবাগান এ’ব্যাপারেও পথ দেখালো ময়দানে।

------------------------ ------------------------